

স্মারক নং: ১৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৮.১৯.৯৯

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৬

২৬ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২৭৯/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১১.০২.২০১৯ খ্রি:
উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুর রহমান, সহকারী শিক্ষক, কুরশা কে.এন. হাইস্কুল, ডাক: কুরশা, থানা: মীরপুর, জেলা: কুষ্টিয়া, ইনডেক্স নং-২৯১৭৩২ এবং অন্যান্যসহ মোট ৭১ জন আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৭৯/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, এনটিআরসিএ কর্তৃক প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে অনলাইনে আবেদনকারী শিক্ষক প্রার্থীদের জাতব্য কতিপয় বিষয় শিরোনামে একটি গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেক্সধারী যে সকল শিক্ষক নিবন্ধন সনদধারীগণ কর্মরত আছেন তাঁরাও অনলাইনে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু নিবন্ধন সনদ ব্যতিরেকে ইনডেক্সধারী যে সকল শিক্ষক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন তাঁরা এনটিআরসিএ-এর নিয়োগ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হতে পারবেন কী-না সে সম্পর্কে কোন নির্দেশনা দেয়া হয়নি। এর পরিপ্রেক্ষিতে আবেদনকারী গণ কর্তৃক নিবন্ধন সনদ ব্যতিরেকে ইনডেক্সধারী যে সকল শিক্ষক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন তারাও যেন এনটিআরসিএ-এর নিয়োগ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হতে পারেন সেই দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৭৯/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ) মহোদয়কে ১ নং রেসপনডেন্ট, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ২নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, এনটিআরসিএ-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকারি স্বার্থ সংরক্ষণের নিমিত্ত সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-২৭৯/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.৬.২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন
কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেড ক্রিসেন্ট বোরাক
টাওয়ার, লেভেল-৪ ও ৫, ৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড,
রমনা, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৮.১৯.৯৯/১(৭)

তারিখ: ১২ আশাঢ়, ১৪২৬

২৬ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ~~সচিব মহোদয়ের~~ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১৬-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)